DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 09:13 AM

সারাদেশ

# বিদেশি পিস্তল, ২৫টি মোবাইল ফোনসহ পেশাদার ছিনতাইকারী গ্রেপ্তার

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শনিবার, ০১ আগস্ট ২০২৬, ০৫:৪০ PM




ছবি ঢাকা প্রোব

রাজধানীর ভাটারা থানা এলাকায় অভিযান চালিয়ে একটি বিদেশি পিস্তল, দুটি ম্যাগাজিন, ২৫টি ছিনতাইকৃত মোবাইল ফোন, একটি নষ্ট ডিজিটাল ক্যামেরা ও একটি ব্যাগসহ এক পেশাদার ছিনতাইকারীকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ সময় তার দুই সহযোগী পালিয়ে যান।

পুলিশ জানায়, উপ-পুলিশ কমিশনার (গুলশান বিভাগ)-এর সার্বিক নির্দেশনায় এবং সহকারী পুলিশ কমিশনার (বাড্ডা জোন)-এর তত্ত্বাবধানে ভাটারা থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ মাজহারুল ইসলামের নেতৃত্বে এসআই (নিরস্ত্র) হাফিজুর রহমান ও সঙ্গীয় ফোর্স শনিবার (১ আগস্ট) রাত ১২টা ১০ মিনিটের দিকে নয়ানগর কোকাকোলা এলাকার একটি বাসায় অভিযান চালান।

অভিযানে মো. হেলাল মিয়া (৪০) নামে একজনকে গ্রেপ্তার করা হয়। এ সময় তার কাছ থেকে একটি সচল বিদেশি পিস্তল, দুটি খালি ম্যাগাজিন, বিভিন্ন ব্র্যান্ডের ২৫টি ছিনতাইকৃত মোবাইল ফোন, একটি নষ্ট ডিজিটাল ক্যামেরা এবং একটি ব্যাগ উদ্ধার করা হয়। অভিযানের

সময় তার দুই সহযোগী কৌশলে পালিয়ে যান।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেপ্তার ব্যক্তি জানিয়েছেন, তিনি পলাতক সহযোগীদের নিয়ে ভাটারাসহ ঢাকা মহানগরের বিভিন্ন এলাকায় বিদেশি পিস্তল ব্যবহার করে ছিনতাইসহ নানা অপরাধমূলক কর্মকাণ্ড পরিচালনা করতেন। তার দেওয়া তথ্যের ভিত্তিতে পলাতক দুই সহযোগীকে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

পুলিশ জানিয়েছে, উদ্ধার হওয়া ২৫টি মোবাইল ফোন বিভিন্ন সময় ছিনতাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। উদ্ধারকৃত আলামত জব্দ করে ভাটারা থানায় অস্ত্র ও সংশ্লিষ্ট আইনে মামলা দায়ের করা হয়েছে।

পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, গ্রেপ্তার ব্যক্তির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং পলাতক সহযোগীদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে।

---


## এ বিভাগের আরও খবর




**আমির হামজার গাড়িবহরে হামলা: সংবাদ সম্মেলনে ২৪ ঘণ্টার মধ্যে গ্রেপ্তারের আল্টিমেটাম**
কুষ্টিয়া-৩ (সদর) আসনের সংসদ সদস্য মুফতি আমির হামজার গাড়িবহরে বর্বরোচিত ও অতর্কিত হামলার তীব্র প্রতিবাদ ও জড়িতদের দ্রুত গ্রেপ্তারের দাবিতে জর...



**রাঙামাটিতে পিকআপ উল্টে নিহত ৪**
রাঙামাটির মানিকছড়িতে পিকআপ উল্টে দুই নারীসহ চারজন নিহত হয়েছেন। এ সময় আরো তিনজন আহত হয়েছেন।রবিবার (১৬ আগস্ট) ভোরে সদর উপজেলার সাপছড়ি ইউনিয়নের...



### চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ

নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




### মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম

নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/bideshi-pistl-25ti-mobail-fonsh-peshadar-chhintaikari-greptar